গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ০৩/০২/২০১৮ খ্রি.।

২০১৬ সনের অনার্স ৪র্থ বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মনোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৬ সনের অনার্স ৪র্থ বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

বিভাগের নাম	ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ	সময়
রাষ্ট্রবিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স	০৫/০২/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত প্রশাসনিক ভবনের ক্যাশ শাখায় ফরম পূরণের ফি জমা দিতে হবে।
সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান	০৬/০২/২০১৮	
অর্থনীতি, ব্যবস্থাপনা	০৭/০২/২০১৮	
ইংরেজি, ইতিহাস,	০৮/০২/২০১৮	
গার্হস্থ্য অর্থনীতি, ইসলামী শিক্ষা, বাংলা,	১০/০২/২০১৮	
দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	১১/০২/২০১৮	
সমাজকর্ম, উদ্ভিদবিজ্ঞান,	১২/০২/২০১৮	
রসায়ন, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, গণিত, ভূগোল, পদার্থবিজ্ঞান	১৩/০২/২০১৮	
মানোন্নয়ন (সকল বিষয়)	১৪/০২/২০১৮	
মানোন্নয়ন ও অন্যান্য	১৫/০২/২০১৮	

নিয়মিত/অনিয়মিত ছাত্রীদের পরীক্ষার ফি

অনার্স বিষয়ের নাম	ফরম পূরণের ফি
বাংলা	৩,৪৮০.০০
ইংরেজি, ইতিহাস, ইসলামী শিক্ষা,	৩,৬৮০.০০
দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৩,৮৮০.০০
রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ফিন্যান্স, ব্যবস্থাপনা, মার্কেটিং,	৩,৯৩০.০০
সমাজকর্ম	৪৭৮০.০০
পদার্থবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি	৩,৮০০.০০
রসায়ন, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান (বিজ্ঞান গ্রুপ), গণিত, ভূগোল (বিজ্ঞান গ্রুপ)	৪,০০০.০০
উদ্ভিদবিজ্ঞান	৪,২০০.০০
মনোবিজ্ঞান (মানবিক গ্রুপ), ভূগোল (মানবিক গ্রুপ)	৪,৪৫০.০০

গ্রেড/মান উন্নয়ন পরীক্ষার ফি

অনার্স বিষয়ের নাম	ফরম পূরণের ফি
১ পত্র (তত্ত্বীয়)	২,০৮০.০০
২ পত্র (তত্ত্বীয়)	২,২৮০.০০
৩ পত্র (তত্ত্বীয়)	২,৪৮০.০০
৪ পত্র (তত্ত্বীয়)	২,৬৮০.০০
৫ পত্র (তত্ত্বীয়)	২,৮৮০.০০
শুধু ব্যবহারিক	২,২০০.০০
শুধু মৌখিক	২,০৮০.০০
তত্ত্বীয় পত্রের সাথে ব্যবহারিক পত্র থাকলে মোট পত্রের টাকার পরিমানের সাথে ১২০/- যোগ করে পরিশোধ করতে হবে।	

কলেজের ওয়েবসাইট হতে নমুনা এক্সেল ফাইল ডাউনলোড করে বিভাগ কর্তৃক ডাটা এন্ট্রির সর্বশেষ তারিখ ১৫/০২/২০১৮ খ্রি.। নিম্নের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি অফিসে জমা দেয়ার তারিখ ১৭/০২/২০১৮ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

২. ফরম পূরণের ফি জমা দেয়া:

সংশ্লিষ্ট বিভাগ হতে টাকা জমা রশিদ সংগ্রহ করে ৩ অংশে পরীক্ষার্থীর নাম, অনার্স বিষয়ের নাম (রশিদের মাঝখানে বড় করে), ক্লাস রোল নম্বর, টাকার পরিমাণ ও নিজ মোবাইল নম্বর (স্বচল) অবশ্যই লিখতে হবে। ক্যাশ শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে স্ব স্ব বিভাগে গিয়ে ফরম সংগ্রহ ও জমা দিবে। নিয়মিত পরীক্ষার্থীরা ৪র্থ বর্ষের বেতন ও সেশন ফি পরিশোধ না করে থাকলে অবশ্যই বেতন ও সেশন ফি জমা দিয়ে তারপর ফরম পূরণের ফি জমা দিতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

(ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

২০১২-২০১৩ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত এবং ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

* ২০০৯-২০১০, ২০১০-২০১১ ও ২০১১-১২ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উনড়বয়ন পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় ঐ সকল কোর্সে অংশগ্রহণ করতে পারবেন।

* ২০০৯-২০১০, ২০১০-২০১১ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০১৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবেন।

০৪. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ
ক্যাশ শাখায় নির্ধারিত ফি জমা দেয়ার পর জমা রশিদ নিয়ে স্ব স্ব বিভাগ হতে ফরম সংগ্রহ করবে। অতঃপর আবেদন ফরম সর্তকতার সাথে পূরণ করে ৩য় বর্ষের রেজাল্টের কপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে। কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স ৪র্থ বর্ষের পত্র ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৫. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় ঃ
(ক) পরীক্ষার্থী তার পরীক্ষার পত্র অনুযায়ী টাকা জমা দিয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম পূরণ করতে হবে। ছাত্রীদের কাছ থেকে টাকা জমা রশিদের কলেজ অংশ আবেদন ফরমের সাথে জমা রাখতে হবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদন জমা দিবে তাদের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক কলেজ ওয়েব সাইটে দেয়া ফরমেটটে Capital letter-এ সঠিক ও নির্ভুলভাবে এন্ট্রি করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরিত ২ সেট হার্ডকপি ও সফ্ট কপি রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে। পরীক্ষার্থীদের তথ্য প্রেরণে কোন প্রকার ভুল হলে তার জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। বিবরণীতে পরীক্ষার্থীদের নির্ধারিত স্থানে স্বাক্ষর থাকতে হবে।

গ) পরীক্ষার্থী ফি জমা দেয়ার পর একই দিনে তার ফরমপূরণসহ সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরের দিন অফিসে টাকা জমা দানের পরীক্ষার্থীর সংখ্যার সাথে বিভাগে ফরম পূরণের সংখ্যা মিলিয়ে নিতে হবে। যাতে কোন পরীক্ষার্থী টাকা জমা দেয়ার পরও ফরম পূরণ হতে বাদ না পড়ে।

ঘ) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ: অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণের সময়ে ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১১-১২, ২০১০-১১ ও ২০০৯-১০ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ হার্ডকপি ও সফ্ট কপি কলেজের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

০৩/০২/১৬
(প্রফেসর ড. শামসুন নাহার)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:
১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাক।
৪। সংরক্ষণ নথি।

০৩/০২/১৬